


## ২০২২-২০২৩ অর্থবছরে বাপবিবো ও ৮০ টি পবিস এর আর্থিক সাফল্যের প্রতিচ্ছবি

২০২২-২৩ অর্থ বছরের আর্থিক সাফল্যের পথে অন্যতম চ্যালেঞ্জ ছিল করোনা পরবর্তী বৈশ্বিক অর্থনীতির পুনরুদ্ধার প্রস্তুতি, আমদানি জনিত মূল্যস্ফীতির হার নিয়ন্ত্রণ, ডলারের সংকট, রাশিয়া-ইউক্রেন যুদ্ধ এবং বৈশ্বিক জ্বালানী সংকট। করোনার প্রভাব কাটিয়ে দেশের অর্থনীতি যখন স্বাভাবিক হচ্ছিল ঠিক তখনই ফেব্রুয়ারি'২২ শুরু হয় রাশিয়া-ইউক্রেন যুদ্ধ। এই যুদ্ধের প্রভাবে পৃথিবীর অধিকাংশ দেশের সরবরাহ চেইন এবং রপ্তানি বাধাগ্রস্ত হয় এবং মার্চ'২২ এ তা আরো বেড়ে যায়। বিশ্ব জুড়ে মুদ্রাস্ফীতির একটা ঢেউ শুরু হয়। বৈশ্বিক অর্থনৈতিক বৈরী পরিস্থিতির কারণে বাংলাদেশের অর্থনীতির বিভিন্ন সূচক ও নেতিবাচক ধারায় পতিত হয়। এছাড়া, ডলার সংকট এবং রাশিয়া-ইউক্রেন যুদ্ধের ফলে বিশ্ব বাজারে জ্বালানী তেল ও গ্যাসের মূল্য বৃদ্ধি জীবন যাত্রার ব্যয় বাড়িয়ে দেয় এবং বিশ্ব চরমভাবে জ্বালানী সংকটের মুখোমুখি হয়। এতে বিদ্যুৎ কেন্দ্রে ব্যবহৃত তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) আমদানি বাধাগ্রস্ত হয় এবং এর প্রভাবে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ বাধাগ্রস্ত হয়। বৈশ্বিক মন্দা এবং রাশিয়া-ইউক্রেন যুদ্ধ থাকা সত্ত্বেও বাপবিবো'র নিয়ন্ত্রণাধীন ৮০ টি সমিতি'র বার্ষিক রেভিনিউ প্রবৃদ্ধির হার বৃদ্ধি পেয়েছে এবং বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের সঠিক দিকনির্দেশনা ও বাপবিবো'র কর্ম তৎপরতায় বিদ্যুৎ সেবার মান বৃদ্ধি পাচ্ছে। এছাড়া উল্লেখ্য, ডিসেম্বর'২২ খ্রি. এ বিদ্যুতের পাইকারী মূল্যহার বৃদ্ধি পায় এবং পরবর্তীতে আরও দুইবার এই মূল্যহারের বৃদ্ধি ঘটে। ২০২২-২৩ অর্থ বছরে সারাদেশে বিদ্যুতায়িত লাইনের দৈর্ঘ্য ৫.৬৫ লক্ষ কি.মি. পর্যন্ত উন্নীত করা হয়েছে।

২০২২-২৩ অর্থ বছরে অনিরীক্ষিত হিসাব পর্যালোচনা থেকে দেখা যায় যে, বিভিন্ন বিদ্যুৎ উৎপাদনকারী প্রতিষ্ঠান হতে বাপবিবো'র অধীন সমিতিসমূহ প্রায় ২৭,৯৫২.২৭ কোটি টাকার বিদ্যুৎ ক্রয় করে এবং প্রান্তিক গ্রাহক পর্যায়ে সমিতিসমূহের বিক্রয়ের পরিমাণ ছিল ৩০,৭৮৬.৩৮ কোটি টাকা। বিদ্যুৎ বিতরণকালে সমিতিসমূহের পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ মোট খরচ হয়েছে ৩,৭৩৬.৮০ কোটি টাকা। ফলে ২০২২-২৩ অর্থ বছরে ৮০ টি সমিতির নিট ক্ষতির পরিমাণ দাঁড়িয়েছে ২৫৫৯.৮৭ কোটি টাকা যেখানে ২০২১-২২ অর্থ বছরে নিট ক্ষতি ছিল প্রায় ৫২৩.৭৯ কোটি টাকা। উল্লেখ্য, বিদ্যুতের পাইকারী মূল্যহার খুচরা মূল্যহার এর তুলনায় অধিক হারে বৃদ্ধি পাওয়ায় সমিতিসমূহ আর্থিকভাবে চ্যালেঞ্জ এর সম্মুখীন হচ্ছে। সমিতিসমূহ কর্তৃক বিভিন্ন ফান্ডে বিনিয়োগের পরিমাণ ১৫,৭৫৪.৮৮ কোটি টাকারও বেশি। সিস্টেম উন্নয়ন, নিয়মিতভাবে রাইট অব ওয়ে করণ, গ্রাহক প্রান্তে উপস্থিত হয়ে বিদ্যুৎ বিল গ্রহণ ও বাপবিবোর্ডের নানামুখী পদক্ষেপের ফসল সিঙ্গেল ডিজিট সিস্টেম লস। ২০২২-২৩ অর্থ বছরে বাপবিবো সিঙ্গেল ডিজিট সিস্টেম লস অর্জন করতে সমর্থ হয়েছে যার পরিমাণ ৮.৫৬%।

বাপবিবো'র নির্দেশনায় অর্থনৈতিক মন্দার মধ্যেও সমিতিসমূহ বিদ্যুৎ বিল আদায় করায় বকেয়া মাসের পরিমাণ দাঁড়িয়েছে ০.৯৮ মাস। মার্চ, ২০১৯ এ চালু হওয়া প্রি-পেইড এর মাধ্যমে ২০২২-২৩ অর্থ বছরে প্রায় ১,১৬৬.৬ কোটি টাকা আদায় করা হয়েছে। আধুনিক ও অটোমেটেড সিস্টেম উন্নয়নে প্রি-পেইড মিটারের বিস্তৃত ভূমিকা রয়েছে। পর্যায়ক্রমে প্রি-পেইড মিটারে আদায় আরও বৃদ্ধি পাবে বলে আশা করা যাচ্ছে। ৮০ টি পবিস এর আর্থিক সাফল্যের প্রতিচ্ছবি নিম্নের টেবিলে উপস্থাপন করা হলো:

ক্র: নং:	বিবরণ	অর্জন	
		২০২২-২০২৩	ক্রমপুঞ্জিত
০১	বিদ্যুতায়িত লাইন (লক্ষ কি.মি.)	০.০৮	৫.৬৫
০২	বিদ্যুৎ ক্রয় (কোটি টাকা)	২৭,৯৫২.২৭	-
০৩	বিদ্যুৎ বিক্রয় (কোটি টাকা)	৩০,৭৮৬.৩৮	-
০৪	ওএন্ডএম ব্যয় (কোটি টাকা)	৩,৭৩৬.৮০	-
০৫	নিট ক্ষতি (কোটি টাকা)	২৫৫৯.৮৭	-
০৬	বিনিয়োগ (কোটি টাকা)	-	১৫,৭৫৪.৮৮
০৭	বকেয়া মাস	০.৯৮	-
০৮	সিস্টেম লস (%)	৮.৫৬	-
০৯	শিল্প সংযোগ (টি)	১৮,৭১৭	২,৭৩,৬৭৫
১০	বাণিজ্যিক সংযোগ (টি)	১,৩৬,২৩৯	২৩,৪১,৬৭৬
১১	লাভজনক সমিতি (টি)	১২	-
১২	প্রি-পেইড মিটারে বিল আদায় (কোটি টাকা)	১১৬৬.৬	-
১৩	বিদ্যুৎ ব্যবহার	আবাসিক (%)	৯০.৩২
		বাণিজ্যিক (%)	৬.৫৮
		শিল্প ব্যবহার (%)	০.৭৬
		সেচ (%)	০.৮৭
		অন্যান্য (%)	১.৪৭



## লাভ-লোকসানের ভিত্তিতে সমিতির তালিকা

২০২২-২৩ অর্থ বছরে লাভজনক সমিতির তালিকা (মোট ১২ টি)

ক্র. নং	সমিতির নাম
০১	ঢাকা পবিস-১
০২	ঢাকা পবিস-৩
০৩	ঢাকা পবিস-৪
০৪	নারায়ণগঞ্জ পবিস-১
০৫	নারায়ণগঞ্জ পবিস-২
০৬	নরসিংদী পবিস-১

ক্র. নং	সমিতির নাম
০৭	গাজীপুর পবিস-১
০৮	গাজীপুর পবিস-২
০৯	ময়মনসিংহ পবিস-২
১০	মুন্সিগঞ্জ পবিস
১১	কুমিল্লা পবিস-৩
১২	মানিকগঞ্জ পবিস

২০২২-২৩ অর্থ বছরে লোকসানে থাকা সমিতির তালিকা (মোট ৬৮ টি)


ক্র. নং	সমিতির নাম
১	টাংগাইল পবিস
২	কুমিল্লা পবিস-১
৩	চাঁদপুর পবিস-১
৪	হবিগঞ্জ পবিস
৫	মৌলভীবাজার পবিস
৬	পাবনা পবিস-১
৭	পাবনা পবিস-২
৮	সিরাজগঞ্জ পবিস-১
৯	যশোর পবিস-১
১০	যশোর পবিস-২
১১	নাটোর পবিস-১
১২	নাটোর পবিস-২
১৩	রংপুর পবিস-১
১৪	সাতক্ষীরা পবিস
১৫	ফেনী পবিস
১৬	ময়মনসিংহ পবিস-১
১৭	দিনাজপুর পবিস-১
১৮	কুষ্টিয়া পবিস
১৯	জয়পুরহাট পবিস
২০	পিরোজপুর পবিস
২১	রংপুর পবিস-২
২২	জামালপুর পবিস
২৩	চট্টগ্রাম পবিস-১
২৪	বগুড়া পবিস-১
২৫	ঠাকুরগাঁও পবিস
২৬	মাদারীপুর পবিস
২৭	বরিশাল পবিস-২
২৮	চট্টগ্রাম পবিস-২
২৯	মেহেরপুর পবিস
৩০	নোয়াখালী পবিস
৩১	বাগেরহাট পবিস
৩২	কিশোরগঞ্জ পবিস
৩৩	নরসিংদী পবিস-২
৩৪	নওগাঁ পবিস-১

ক্র. নং	সমিতির নাম
৩৫	সিলেট পবিস-১
৩৬	লক্ষ্মীপুর পবিস
৩৭	বরিশাল পবিস-১
৩৮	পটুয়াখালী পবিস
৩৯	কুমিল্লা পবিস-২
৪০	কক্সবাজার পবিস
৪১	দিনাজপুর পবিস-১
৪২	নেত্রকোনা পবিস
৪৩	চাঁপাইনবাবগঞ্জ পবিস
৪৪	ফরিদপুর পবিস
৪৫	বিনাইদাহ পবিস
৪৬	রাজশাহী পবিস
৪৭	কুড়ি-লাল পবিস
৪৮	মাগুরা পবিস
৪৯	বি-বাড়ীয়া পবিস
৫০	নীলফামারী পবিস
৫১	গোপালগঞ্জ পবিস
৫২	ভোলা পবিস
৫৩	রাজবাড়ী পবিস
৫৪	সিলেট পবিস-২
৫৫	শেরপুর পবিস
৫৬	শরীয়তপুর পবিস
৫৭	ময়মনসিংহ পবিস-৩
৫৮	ঢাকা পবিস-২
৫৯	গাইবান্ধা পবিস
৬০	বালকাঠি পবিস
৬১	খুলনা পবিস
৬২	সুনামগঞ্জ পবিস
৬৩	চট্টগ্রাম পবিস-৩
৬৪	সিরাজগঞ্জ পবিস-২
৬৫	বগুড়া পবিস-২
৬৬	নওগাঁ পবিস-২
৬৭	কুমিল্লা পবিস-৪
৬৮	চাঁদপুর পবিস-২



## ২০২২-২৩ অর্থবছরে লোকসানে থাকা সমিতির লোকসানের পরিমাণ (অনিরীক্ষিত)

ক্র. নং	সমিতির নাম	কোটি টাকা	ক্র. নং	সমিতির নাম	কোটি টাকা
১	টাংগাইল পবিস	৩৩.০৫	৩৫	সিলেট পবিস-১	৪৩.৮০
২	কুমিল্লা পবিস-১	২৯.১৪	৩৬	লক্ষ্মীপুর পবিস	৪৩.২৩
৩	চাঁদপুর পবিস-২	২৫.৭১	৩৭	বরিশাল পবিস-১	৩৮.৬৩
৪	হবিগঞ্জ পবিস	১৪.০৩	৩৮	পটুয়াখালী পবিস	৪৭.৯১
৫	মৌলভীবাজার পবিস	২৮.৮৫	৩৯	কুমিল্লা পবিস-২	২১.০০
৬	পাবনা পবিস-১	২৬.৬৭	৪০	কক্সবাজার পবিস	১৮.০৬
৭	পাবনা পবিস-২	৩৩.১৭	৪১	দিনাজপুর পবিস-১	৪০.০৭
৮	সিরাজগঞ্জ পবিস-১	৪১.৮৮	৪২	নেত্রকোনা পবিস	৬৯.১৭
৯	যশোর পবিস-১	৪০.৩২	৪৩	চাপাইনবাবগঞ্জ পবিস	৩৯.২৬
১০	যশোর পবিস-২	৫৪.৮০	৪৪	ফরিদপুর পবিস	৪৫.৪৯
১১	নাটোর পবিস-১	৪৪.৯৪	৪৫	ঝিনাইদাহ পবিস	৫৬.২৫
১২	নাটোর পবিস-২	৪১.৪৯	৪৬	রাজশাহী পবিস	২৮.৩১
১৩	রংপুর পবিস-১	৫৯.৬৭	৪৭	কুড়ি-লাল পবিস	৫৬.১৯
১৪	সাতক্ষীরা পবিস	৬২.৩৬	৪৮	মাগুরা পবিস	৩০.৪১
১৫	ফেনী পবিস	২৬.৪৬	৪৯	বি-বাড়ীয়া পবিস	৫৫.৮১
১৬	ময়মনসিংহ পবিস-১	৫৩.৫৭	৫০	নীলফামারী পবিস	২৮.৬০
১৭	দিনাজপুর পবিস-১	৩১.৩৩	৫১	গোপালগঞ্জ পবিস	৩৯.০৬
১৮	কুষ্টিয়া পবিস	৪৫.৫২	৫২	ভোলা পবিস	৪৫.১৪
১৯	জয়পুরহাট পবিস	৩৩.৪৪	৫৩	রাজবাড়ী পবিস	২৯.০৫
২০	পিরোজপুর পবিস	৫৭.৯০	৫৪	সিলেট পবিস-২	৩০.০৬
২১	রংপুর পবিস-২	২৮.৫৯	৫৫	শেরপুর পবিস	৪২.২৮
২২	জামালপুর পবিস	৯৫.৫০	৫৬	শরীয়তপুর পবিস	৪২.১৯
২৩	চট্টগ্রাম পবিস-১	১৩.৮৪	৫৭	ময়মনসিংহ পবিস-৩	৪৭.৬০
২৪	বগুড়া পবিস-১	৩৬.৯৮	৫৮	ঢাকা পবিস-২	১৭.৭৭
২৫	ঠাকুরগাঁও পবিস	৪৬.৩৯	৫৯	গাইবান্ধা পবিস	৪৪.৩৭
২৬	মাদারীপুর পবিস	৩১.৭৩	৬০	ঝালকাঠি পবিস	২২.৩৯
২৭	বরিশাল পবিস-২	৩০.৯২	৬১	খুলনা পবিস	৪৫.৮০
২৮	চট্টগ্রাম পবিস-২	২১.০০	৬২	সুনামগঞ্জ পবিস	৪৬.৮৫
২৯	মেহেরপুর পবিস	৫১.৯৯	৬৩	চট্টগ্রাম পবিস-৩	১৪.৪৮
৩০	নোয়াখালী পবিস	৭৩.৯১	৬৪	সিরাজগঞ্জ পবিস-২	১৬.১৮
৩১	বাগেরহাট পবিস	২৪.২৪	৬৫	বগুড়া পবিস-২	২৩.৮৫
৩২	কিশোরগঞ্জ পবিস	৬৯.১৪	৬৬	নওগাঁ পবিস-২	৩৪.৬০
৩৩	নরসিংদী পবিস-২	৫.২৭	৬৭	কুমিল্লা পবিস-৪	২৮.০৬
৩৪	নওগাঁ পবিস-১	৫৬.৪৮	৬৮	চাঁদপুর পবিস-২	৩৬.২৬
মোট লোকসান					২৬৩৮.৪৬



## ২০২২-২৩ অর্থ বছরে লাভে থাকা ১২ টি সমিতির লাভের পরিমাণ (অনিরীক্ষিত)


ক্র. নং	সমিতির নাম	কোটি টাকা	ক্র. নং	সমিতির নাম	কোটি টাকা
০১	ঢাকা পবিস-১	১১.৮৬	০৭	গাজীপুর পবিস-১	৯.৬৭
০২	ঢাকা পবিস-৩	৫.৪৯	০৮	গাজীপুর পবিস-২	৫.০০
০৩	ঢাকা পবিস-৪	৫.০০	০৯	ময়মনসিংহ পবিস-২	৫.৫২
০৪	নারায়ণগঞ্জ পবিস-১	১০.৩৫	১০	মুন্সিগঞ্জ পবিস	৫.০০
০৫	নারায়ণগঞ্জ পবিস-২	৫.২২	১১	কুমিল্লা পবিস-৩	৫.০০
০৬	নরসিংদী পবিস-১	৫.৮৬	১২	মানিকগঞ্জ পবিস	৫.০০
মোট লাভ					৭৮.৯৭

## ২০২২-২৩ অর্থবছরে ক্রস সাবসিডি প্রদানকারী সমিতি এবং প্রদানকৃত অর্থের পরিমাণ (অনিরীক্ষিত)

ক্র. নং	সমিতির নাম	কোটি টাকা	ক্র. নং	সমিতির নাম	কোটি টাকা
০১	ঢাকা পবিস-১	৪৬২.৪৯	০৭	গাজীপুর পবিস-১	৩৭৬.৪৫
০২	ঢাকা পবিস-৩	২১৪.৩০	০৮	গাজীপুর পবিস-২	১০৯.৮৪
০৩	ঢাকা পবিস-৪	৯৭.৩৬	০৯	ময়মনসিংহ পবিস-২	২১৫.৪৬
০৪	নারায়ণগঞ্জ পবিস-১	৪০৩.৪৫	১০	মুন্সিগঞ্জ পবিস	৮.৯৮
০৫	নারায়ণগঞ্জ পবিস-২	২০৩.৪১	১১	কুমিল্লা পবিস-৩	৩.৫৪
০৬	নরসিংদী পবিস-১	২২৮.৫৬	১২	মানিকগঞ্জ পবিস	৪.১২
মোট লাভ					২,৩২৭.৯৬



পল্লী অঞ্চলে অর্থনৈতিক উন্নয়নে পল্লী বিদ্যুৎ




## ক্রস সাবসিডি প্রদানের ইমপ্যাক্ট

বাংলাদেশের সংবিধানের ১৬ নং অনুচ্ছেদ অনুসারে বাংলাদেশ সরকার পল্লী এলাকায় বিদ্যুতায়নের মাধ্যমে জনগণের আর্থ-সামাজিক উন্নয়ন নিশ্চিতকরণে সাংবিধানিকভাবে প্রতিশ্রুতিবদ্ধ। এরই ধারাবাহিকতায় প্রতিষ্ঠা লাভ করে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড। এই বোর্ডের অধীন ৮০ টি পল্লী বিদ্যুৎ সমিতি সমগ্র বাংলাদেশের পল্লী এলাকায় নিরবচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহ করে আসছে। বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২ (খ) ও ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) বিদ্যুৎ বিভাগের অধীন বিভিন্ন সংস্থা/কোম্পানীসমূহের বিদ্যুতের মূল্য নির্ধারণ/সমন্বয় করে থাকে। খুচরা মূল্য নির্ধারণকালে আবাসিক গ্রাহকের জন্য বিইআরসি স্ল্যাবভিত্তিক বিদ্যুতের মূল্য নির্ধারণ করে যাতে নিম্ন আয়ের প্রান্তিক গ্রাহকগণ কম মূল্যে বিদ্যুৎ সুবিধা পেতে পারেন। এজন্য মাসে ১-৫০ ইউনিট ব্যবহারকারী গ্রাহকগণকে লাইফ লাইন গ্রাহক বিবেচনা করে বিশেষ ট্যারিফ করা হয়েছে।


বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের অধীন ৮০ টি পল্লী বিদ্যুৎ সমিতির আবাসিক গ্রাহক সংখ্যা প্রায় ৩.০৩ কোটি যার মধ্যে প্রায় ১.৬৭ কোটি গ্রাহকই লাইফ লাইন গ্রাহক শ্রেণির অন্তর্ভুক্ত। এভাবে আবাসিক গ্রাহকের শতকর প্রায় ৫৫ ভাগ গ্রাহককে পাইকারী ক্রয়মূল্য থেকে কম মূল্যে (৪.৩৫ টাকা হারে) বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। ফলে ৮০ টি সমিতির মধ্যে অধিকাংশ সমিতিতে লোকসানে পরিচালনা করতে হচ্ছে। এজন্য দেশের সকল নাগরিককে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে লোকসানে পরিচালিত সমিতিসমূহের বাড়তি অর্থের প্রয়োজন হয় যা ক্রস সাবসিডির মাধ্যমে প্রদান করা হয়। অর্থাৎ লাভে পরিচালিত সমিতিসমূহ হতে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ লোকসানে পরিচালিত সমিতিসমূহে বণ্টন করা হয়। এই বণ্টনকৃত অর্থ মূলত পল্লী এলাকার নিম্নবিত্ত খেটে খাওয়া মানুষকে এবং বিভিন্ন ক্ষুদ্র ও মাঝারি শিল্পে বিদ্যুৎ সেবা প্রদান করতে ব্যয় করা হয়।

লোকসানে পরিচালিত সমিতিসমূহের ওএন্ডএম ব্যয় নির্বাহ, বিদ্যুৎ সেবা প্রদানকারী কর্মীদের বেতন ভাতাদি প্রদান, সিস্টেম উন্নয়ন ও আপগ্রেডেশনেও ক্রস সাবসিডির বড় ভূমিকা রয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে ৬৬ টি সমিতিতে প্রায় ২,৭০৯.১৬ কোটি টাকা এবং ২০২২-২৩ অর্থ বছরে ৬৮ টি লোকসানে থাকা সমিতিতে প্রায় ২,৩২৭.৯৬ কোটি টাকার ক্রস সাবসিডি প্রদান করা হয়েছে। ক্রস সাবসিডি লোকসানে বা অর্থ সংকটে থাকা সমিতিসমূহে নগদ অর্থ প্রবাহ নিশ্চিত করে যা সমিতির বিদ্যুৎ সেবা কার্যক্রম স্থিতিশীল রাখে।



নিম্নে অর্থ বছরভিত্তিক বণ্টনকৃত ক্রস সাবসিডির পরিমাণ দেখানো হলো


অর্থ বছর		২০১৮-১৯	২০১৯-২০	২০২০-২১	২০২১-২২	২০২২-২৩
ক্রস সাবসিডি	প্রদানকারী সমিতি (টি)	১৩	১৩	১৩	১৪	১২
	গ্রহণকারী সমিতি (টি)	৬৭	৬৭	৬২	৬৫	৬৮
	কোটি টাকা	২,০০৬.৮৯	২,০৪০.৩৫	২৩৩০.৫০	২৭০৯.১৬	২,৩২৭.৯৬



## বিদ্যুৎ উৎপাদন ও প্রাপ্তি সম্পর্কিত তথ্য

জাতীয় সর্বোচ্চ বিদ্যুৎ উৎপাদন	১৫,৬৪৮
বাপবিবো'র সর্বোচ্চ বিদ্যুৎ চাহিদা	৯,৮০১
বাপবিবো'র সর্বোচ্চ বিদ্যুৎ প্রাপ্তি	৮,৮৬৩

### বিদ্যুৎ উৎপাদন ও প্রাপ্তির শতকরা হার



### ২০২২-২০২৩ অর্থবছরের বাপবিবো'র সিস্টেম লসের লক্ষ্যমাত্রা ও অর্জন

ক্রমিক	লক্ষ্যমাত্রা (%)	অর্জন (%)	পরবর্তী ৫ বৎসরের লক্ষ্যমাত্রা (%)				
			২০২৩-২৪	২০২৪-২৫	২০২৫-২৬	২০২৬-২৭	২০২৭-২৮
১	৯.৬৫	৮.৫৬	৮.৮৫	৯.০০	৯.০০	৮.৯৫	৮.৯০

### ২০২২-২০২৩ অর্থবছরের বাপবিবো'র সিস্টেম লস হ্রাসকরণের লক্ষ্যে গৃহীত পদক্ষেপ

- ❖ রাইট অব-ওয়ে ক্লিয়ারিং যথাযথকরণ;
- ❖ বিদ্যমান এলটি লাইন এইচটি লাইনে রূপান্তরকরণ;
- ❖ এইচটি গ্রাহককে মান সম্মত ভোল্টেজে সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থাকরণ;
- ❖ ব্যাকফিড পরিহার করা;
- ❖ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ সচল রাখা;
- ❖ লুজ কানেকশন নিরসনকরণ;
- ❖ নিউট্রাল কনটিনিউটি বজায় রাখা;
- ❖ পিটি আর্থিং যথাযথকরণ;
- ❖ এনালগ মিটারকে ডিজিটাল মিটার/ প্রি-পেইড মিটার দ্বারা প্রতিস্থাপনকরণ;
- ❖ ফিডার/ ফেজ ব্যালেন্সকরণ;
- ❖ মিটারের ফেজ মিসিং প্রতিনিয়ত পর্যবেক্ষণকরণ;
- ❖ একাধিক সোর্স/ রিং ডিস্ট্রিবিউশন এর সংস্থানকরণ;
- ❖ পাওয়ার ফ্যাক্টর পর্যবেক্ষণ ও উন্নয়নকরণ;
- ❖ পিক লোড ম্যানেজমেন্ট করে লোড ফ্যাক্টর বৃদ্ধিকরণ;
- ❖ নিয়মিত এইচটি মিটার এর সিটি/পিটির সংযোগ পরীক্ষাকরণ;
- ❖ বিতরণ লাইনে ফল্ট লোকেটর স্থাপনকরণ;




## ৮০টি পবিস-এর ক্ষেত্রে সমন্বিতভাবে সম্পাদিত উল্লেখযোগ্য কর্মকাণ্ডের সারসংক্ষেপ ও বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমের ভূমিকা

মোট গ্রাহক সংযোগ এর লক্ষ্যমাত্রা:	১০ লক্ষ ৯৪ হাজার ১০০
অর্জন:	১৩ লক্ষ ৯০ হাজার ৫৫১

পল্লী অঞ্চলে বিদ্যুতায়নের ফলে নতুন নতুন মুরগির খামার, মৎস্য চাষ, দুগ্ধ খামার, ক্ষুদ্র ও মাঝারী শিল্প, কল-কারখানা, কুটির শিল্প, তাঁত শিল্প, ছোট-বড় অনেক ব্যবসা প্রতিষ্ঠান প্রতিষ্ঠার মাধ্যমে বেকারত্ব হ্রাস পাচ্ছে এবং তাদের জীবনযাত্রার মান উন্নত হচ্ছে। তাছাড়া, বিদ্যুৎ সংযোগ সহজীকরণের কারণে নতুন নতুন পোলটি খামার, মৎস্য খামার, ডেইরী খামার, ক্ষুদ্র ও মাঝারী শিল্প, কল-কারখানা, কুটির শিল্প, তাঁত শিল্প, ছোট-বড় অনেক ব্যবসা প্রতিষ্ঠান ইত্যাদি গড়ে উঠছে। এসব প্রতিষ্ঠানে ব্যাপক কর্মসংস্থানের সৃষ্টি হচ্ছে। গ্রামের বেকার যুবক-যুবতীরা কাজ করে স্বাবলম্বী হচ্ছেন। এতে একদিকে যেমন বেকারত্ব হ্রাস পাচ্ছে, অন্যদিকে তাদের জীবনযাত্রার মান উন্নত হচ্ছে। গ্রামাঞ্চলের খামারগুলো থেকে উৎপাদিত মাছ, মাংস, ডিম, দুধ, শাক-সবজি ইত্যাদি এবং গ্রামাঞ্চলের ক্ষুদ্র ও কুটির শিল্পে উৎপাদিত পণ্য দ্রব্যাদি স্থানীয় পুষ্টির চাহিদা মিটিয়ে বিদেশেও রপ্তানী করা হচ্ছে। গ্রামাঞ্চলের বিভিন্ন খামার, ক্ষুদ্র ও কুটির শিল্পে নারীর অংশগ্রহণের মাধ্যমে তারা স্বাবলম্বী হচ্ছেন। পরিবারে তাদের মতামত গুরুত্ব পাচ্ছে। এতে করে নারীর ক্ষমতায়ন প্রতিষ্ঠিত হচ্ছে। ৪,১৯,৪২১টি জন সেচ গ্রাহকগণের মাঝে বিদ্যুৎ সরবরাহের মাধ্যমে দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনে বাপবিবো অসামান্য ভূমিকা রেখেছে। ডিজেল চালিত যন্ত্রপাতি অপেক্ষা বিদ্যুৎ চালিত যন্ত্রপাতি অধিক কার্যকর এবং পরিবেশ বান্ধব। অধিকন্তু দেশের খাদ্যের চাহিদা মিটিয়ে উদ্বৃত্ত কৃষি পণ্য বিদেশেও রপ্তানী করা হচ্ছে। এর ফলে বৈদেশিক মুদ্রা অর্জিত হচ্ছে। কৃষি ও কৃষকের উন্নয়নের মাধ্যমে পল্লী উন্নয়নে বাপবিবো এর অবদান তাই অনস্বীকার্য। বসতবাড়িতে বিদ্যুতায়নের ফলে লাইট, ফ্যান, টেলিভিশন, রেফ্রিজারেটর, এয়ারকন্ডিশনারসহ যাবতীয় ইলেক্ট্রনিক্স সামগ্রীর ব্যবহার বৃদ্ধি পেয়েছে। ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার সুযোগ বৃদ্ধি পেয়েছে

### “পল্লী বিদ্যুতের আলোর ফেরিওয়ালা” কার্যক্রম

দূর্নীতি এবং হয়রানিমুক্ত গ্রাহক সেবা প্রদানের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ‘শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ’ এ মূলমন্ত্রকে সামনে রেখে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক ‘আলোর ফেরিওয়ালা’ কার্যক্রমের উদ্যোগ গ্রহণ করা হয়। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতির সফল বাস্তবায়নের অঙ্গীকার নিয়ে উদ্ভাবনী উদ্যোগ ‘আলোর ফেরিওয়ালা’ কার্যক্রমটি গত ২৪/১২/২০১৮ খ্রিঃ তারিখ আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে। এ কার্যক্রমে বিদ্যুৎ কর্মীগণ ছোট ছোট দলে বিভক্ত হয়ে প্রয়োজনীয় মালামাল ভ্যান/পিকআপসহ বিভিন্ন যানবাহনে নিয়ে গ্রাহকের বাড়ী বাড়ী গিয়ে তাৎক্ষণিকভাবে বিদ্যুৎ সংযোগ প্রদান করছে। এ উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে প্রতিমাসে প্রায় ৩ লক্ষ গ্রাহক সংযোগ পাচ্ছেন। ফলে মধ্যস্বত্বভাগীদের দৌরাভা বহুলাংশে হ্রাস পেয়েছে এবং গ্রাহকগণ দূর্নীতি ও হয়রানিমুক্ত পরিবেশে সেবা পাচ্ছেন। স্বল্প সময়ে এবং সাশ্রয়ীমূল্যে বৈদ্যুতিক সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়া সম্ভব হওয়ায় কার্যক্রমটি সর্বমহলে প্রশংসিত হয়েছে।



## “পল্লী বিদ্যুতের উঠান বৈঠক” কার্যক্রম


“শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ” এই কালজয়ী মূলমন্ত্রকে ধারণ করে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে বাপবিবো কর্তৃক গত ১৫/০৯/২০১৯ খ্রিঃ তারিখ হতে “পল্লী বিদ্যুতের উঠান বৈঠক” কার্যক্রম শুরু হয়েছে। উক্ত কার্যক্রমের মাধ্যমে পল্লী বিদ্যুৎ সমিতির কর্মকর্তা/কর্মচারীগণ গ্রাহকের দোরগোড়ায় পৌঁছে গ্রাহকগণের অভিযোগ এবং সমস্যাসমূহ সরাসরি শুনে তা তাত্ক্ষণিকভাবে সমাধানের জন্য ব্যবস্থা গ্রহণ করছেন। “পল্লী বিদ্যুতের উঠান বৈঠক” স্থানীয় সংসদ সদস্যসহ নির্বাচিত প্রতিনিধিগণ, স্থানীয় প্রশাসনের কর্মকর্তাবৃন্দ, শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/শিক্ষার্থীগণ, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, ধর্মীয় প্রতিষ্ঠানের প্রধানগণ এবং গ্রাহকগণ অংশগ্রহণ করছেন। বিশেষভাবে এ উদ্যোগে গ্রামীণ মহিলাদের সম্পৃক্ত করা হচ্ছে। এ উদ্যোগের ফলে দুর্নীতিমুক্ত এবং হয়রানিমুক্ত পরিবেশে সেবা প্রদানের সুযোগ সৃষ্টি হয়েছে। উক্ত বৈঠকে গ্রাহক শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে বৈদ্যুতিক দুর্ঘটনা প্রতিরোধ, বিদ্যুৎ চুরি রোধ, বিদ্যুতের অপব্যবহার রোধ, দুর্নীতি প্রতিরোধ, বকেয়া বিল আদায়, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ, সিস্টেম লস হ্রাসকরণ ইত্যাদি বিষয়েও গ্রাহক সচেতনতা বৃদ্ধি পাচ্ছে। ফলে এ কার্যক্রমটি সর্বমহলে ব্যাপকভাবে প্রশংসিত হচ্ছে।



গ্রাহকগণের অভিযোগ এবং সমস্যাসমূহ তাত্ক্ষণিকভাবে সমাধানের লক্ষ্যে “পল্লী বিদ্যুতের উঠান বৈঠক” কার্যক্রম

## “পল্লী বিদ্যুতের দুর্যোগে আলোর গেরিলা” কার্যক্রম

সম্প্রতি বৈশ্বিক মহামারি হিসেবে আবির্ভূত করোনা ভাইরাস সংক্রমণ পরিস্থিতিতে স্বাস্থ্য সেবাসহ সকল সেবা কার্যক্রম নির্বিঘ্নে চালু রাখা, পবিত্র মাহে রমজান ও মৌসুমি ঝড় বৃষ্টি বা ঘূর্ণীঝড়, কালবৈশাখীসহ যে কোন প্রতিকূল পরিবেশে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ অব্যাহত রাখাসহ সকল ধরনের বিদ্যুৎ বিভ্রাট সংক্রান্ত অভিযোগ নিরসনের জন্য “সকল ত্যাগে পল্লী বিদ্যুৎ রাখিব সচল” মূলমন্ত্র ধারণ করে ও দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে উদ্ভাবনী উদ্যোগ হিসেবে গত ১৩/০৪/২০২০ খ্রিঃ তারিখে বাপবিবোর্ড কর্তৃক “দুর্যোগে আলোর গেরিলা” কার্যক্রমটি আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে। এ কার্যক্রমের মাধ্যমে বাপবিবোর্ড এর আওতাধীন সকল গ্রাহককে দুর্যোগকালীন পরিস্থিতিতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার পাশাপাশি তাদের বিদ্যুৎ সংক্রান্ত সকল অভিযোগ নিরসনের মাধ্যমে জীবনযাত্রা







## আমার গ্রাম আমার শহরে বিদ্যুতায়নের প্রভাব

সরকারের আমার গ্রাম-আমার শহর বিনির্মাণে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড উপজেলা শতভাগ বিদ্যুতায়ন করে ডিজিটাল বাংলাদেশ গঠনের পাশাপাশি কৃষি, শিক্ষা, স্বাস্থ্য ও তথ্য প্রযুক্তি খাতে কর্মসংস্থান সুযোগ সৃষ্টি হয়েছে।

সরকার কর্তৃক বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির সাথে সঙ্গতি রেখে লোড বৃদ্ধির জন্য যে উদ্যোগ গ্রহণ করেছে তাতে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড বিশেষ ভূমিকা রেখে চলেছে। মডেল গ্রাম ঘোষণার প্রেক্ষিতে কাজিত মাত্রায় ক্রমাগতভাবে লোড বৃদ্ধি পাচ্ছে। মডেল গ্রামসমূহে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করার কারণে শিক্ষা, কৃষি, শিল্প, চিকিৎসা ইত্যাদি ক্ষেত্রে উল্লেখযোগ্য পরিবর্তন সাধিত হয়েছে যা সরকারের আমার গ্রাম আমার শহর বিনির্মাণে সহায়ক ভূমিকা রাখছে।

### বিদ্যুৎ বিভ্রাট নিরসনে কমিটি গঠন


পল্লী বিদ্যুতের উঠান বৈঠক, আলোর ফেরিওয়ালা, দুর্ঘোণে আলোর গেরিলা ইত্যাদি উদ্ভাবনী কার্যক্রমের ন্যায় “বিদ্যুৎ বিভ্রাট পর্যবেক্ষণ কমিটি” ও বিদ্যুৎ বিভ্রাট নিরসনে কার্যকর ভূমিকা পালন করে বিদ্যুৎ সেবা প্রদানকে উন্নত করেছে। আলোচ্য কমিটি সমিতির সকল অফিসের সাথে নিজ উদ্যোগে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করে কোন স্থানে বিদ্যুৎ বিভ্রাটের ঘটনা ঘটলে কিংবা ঘটার সম্ভাবনা দেখা দিলে তা দ্রুত সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার/ডিজিএম (কারিগরী)-ট্রুটি নিরসনের জন্য অবহতি করে থাকেন। সমিতির সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক “বিদ্যুৎ বিভ্রাট পর্যবেক্ষণ কমিটি” এর সকলের মোবাইল নম্বর উল্লেখ করে একটি লিফলেট জারী করত; বিদ্যুৎ বিভ্রাটজনিত সকল তথ্যাদি এই কমিটির নিকট প্রদান করতে হবে-মর্মে বিষয়টি গ্রাহকদেরকে অনুরোধ জানানো হয়। এছাড়া, “বিদ্যুৎ বিভ্রাট পর্যবেক্ষণ কমিটি” এর বিষয়টি লিফলেট, মাইকিং ইত্যাদি কার্যক্রমের মাধ্যমে স্কুল-কলেজ, মসজিদ-মাদ্রাসা, হাট-বাজার ইত্যাদি জনসমাগম স্থলে ব্যাপকভাবে প্রচার-প্রচারণা করার মাধ্যমে গ্রাহক সচেতনতা বৃদ্ধি করা হয়।

### প্রাকৃতিক দুর্ঘোণ (ফণী, বুলবুল, আফান, ইয়াস প্রভৃতি) মোকাবেলায় REB/PBS'এর সফলতা

সাম্প্রতিক সময়ে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড “ফণী”, “বুলবুল”, “আফান” ও “ইয়াস” এর মত ০৪ (চার) টি প্রলয়ংকারী ঘূর্ণিঝড়ের মুখোমুখি হয়। এর আগে ২০০৭ সালে “সিডর” ও ২০০৯ সালে “আইলা” নামে আরো ০২টি প্রলয়ংকারী ঘূর্ণিঝড়ের অভিজ্ঞতা অর্জন করেছিল। এ সকল ঘূর্ণিঝড়ে সমিতির ভৌগলিক এলাকায় ব্যাপক ক্ষয়ক্ষতি হওয়ার পাশাপাশি বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা পুরোপুরি ভেঙ্গে পড়ে। তবে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের পূর্ব প্রস্তুতিমূলক দিক নির্দেশনা, যথাসময়ে সঠিক প্রস্তুতি এবং “দুর্ঘোণে আলোর গেরিলা” কার্যক্রমের মাধ্যমে সমিতি গুলোর কঠোর পরিশ্রমের ফলে সকল প্রাকৃতিক দুর্ঘোণ অত্যন্ত সফলতার সাথে মোকাবেলা করে স্বল্প সময়ে বিশাল ক্ষয়ক্ষতি কাটিয়ে উঠে বিদ্যুৎ সরবরাহ কার্যক্রম পূর্ববাহাল করা সম্ভব হয়; যা প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশিত হয়। দুর্ঘোণে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের এ ধরনের কার্যক্রম সারাদেশে সবস্তরে/সর্বমহলে প্রশংসিত হয়।

গত ২৬ মে ২০২১ ইং তারিখে ঘূর্ণিঝড় “ইয়াস” এর প্রভাবে উপকূলীয় এলাকার ০৯টি পল্লী বিদ্যুৎ সমিতি যথাক্রমে বরিশাল পবিস-১/২, ভোলা, বালকাঠি, খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, পিরোজপুর, পটুয়াখালী’র কিছু বিতরণ লাইন ক্ষতিগ্রস্ত হয় এবং নিম্নাঞ্চলে পানি প্রবেশ করে। তৎপ্রেক্ষিতে বিতরণ ব্যবস্থার আনুমানিক ১,৮৪,০০,০০০.০০ (এক কোটি চুরাশি লক্ষ) টাকার ক্ষতি সাধিত হয়।

এছাড়া, গত ২০/০৫/২০২০ খ্রিঃ তারিখে প্রলয়ংকারী ঘূর্ণিঝড় “আফান” বাংলাদেশের উপর আঘাত হানে। বয়ে যাওয়া ঝড়ে সারাদেশব্যাপী ব্যাপক ক্ষয়ক্ষতি সাধিত হয়। সারাদেশের বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা পুরোপুরি ভেঙ্গে পড়ে। এ ঝড়ে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) এর আওতাধীন ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতির বিতরণ লাইন, পোল, ট্রান্সফর্মার মিটার তার অন্যান্য মালামালের ব্যাপক ক্ষয়ক্ষতি সাধিত হয়; যার আর্থিক ক্ষয়ক্ষতির পরিমাণ প্রায় ৪৫ কোটি টাকা। অপরদিকে, গত ০৯/১১/২০১৯ খ্রিঃ তারিখে প্রলয়ংকারী ঘূর্ণিঝড় “বুলবুল” বাংলাদেশে প্রবেশ করে। ঘূর্ণিঝড় “বুলবুল” এর প্রভাবে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতাধীন ২১টি পল্লী বিদ্যুৎ সমিতির বিতরণ লাইন, পোল, ক্রস আর্ম, ট্রান্সফর্মার, মিটার, তার ও অন্যান্য মালামালের ব্যাপক ক্ষতি সাধিত হয়; যার আর্থিক ক্ষয়ক্ষতির পরিমাণ প্রায় ২৫ (পঁচিশ) কোটি টাকা।






এছাড়াও, গত ০৪/০৫/২০১৯ খ্রিঃ তারিখে ঘূর্ণিঝড় “ফণী” ভয়ংকর রূপে বাংলাদেশে আঘাত হানে। ঘূর্ণিঝড় “ফণীর” কারণে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতাধীন ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতিতে ব্যাপক ক্ষয়ক্ষতি সাধিত হয়। তবে, এ ঝড়ে সাতক্ষীরা, বাগেরহাট, খুলনা, বরিশাল, পটুয়াখালী, পিরোজপুর, ভোলা, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, নেত্রকোনা ও কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতির আওতাধীন ভৌগলিক এলাকাসমূহ অধিক ক্ষতিগ্রস্ত হয়। এ ঝড়ে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের প্রায় ১২ কোটি টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়।

ঘূর্ণিঝড় ইয়াস, আফান, বুলবুল ও ফণীর আঘাতে ক্ষতিগ্রস্ত মালামালের আর্থিক ক্ষয়ক্ষতির তুলনামূলক বিবরণী

ক্র. নং	ঘূর্ণিঝড়ের নাম	ক্ষয়ক্ষতির বিবরণ				মোট ক্ষয়ক্ষতির পরিমাণ (কোটি)
		পোল ভাংগা	ট্রান্সফর্মার	বৈদ্যুতিক মিটার ও ইন্সুলেটর	তার ও অন্যান্য	
০১	ইয়াস	৫৪	১১৭	২১৫ (ইন্সুলেটর)	২২৭৭	১.৮৪
০২	আফান	৬৭১	৭৮৯	৫৭৯১ (মিটার)	১৪৯৫৬	৪৫
০৩	বুলবুল	২৯৭৬	৬৭১	২৮৭০২ (মিটার)	১৯৫০০	২৫
০৪	ফণী	২৯০৩	১৩০৬	৩১০৮০ (মিটার)	৪১০৭৯	১২
সর্বমোট						৮৩.৮৪




ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত বিদ্যুতের খুঁটি



## ঘূর্ণিঝড় মোকাবেলায় বাপবিবোর্ড কর্তৃক গৃহীত উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ

ঘূর্ণিঝড় মানুষের জানমালের নিরাপত্তা বিধান ও বিদ্যুৎ সরবরাহ কার্যক্রম সচল রক্ষার্থে বাপবিবোর্ড কর্তৃক নিম্নোক্ত কার্যব্যবস্থা গ্রহণ করা হয়:

- (ক) ঘূর্ণিঝড় আঘাত হানার প্রারম্ভে জনগনের জানমালের নিরাপত্তা বিধান ও দুর্ভোগ লাঘবে বাপবিবোর্ডের আওতাধীন সকল সমিতিসমূহের জন্য দুর্ভোগ পূর্ববর্তী ও পরবর্তী করণীয় সম্পর্কিত দিক নির্দেশনামূলক SOP (Standard Operational Procedure) প্রণয়ন করা হয়।
- (খ) ঘূর্ণিঝড় “আফান” এর সময় বাপবিবোর্ড কর্তৃক “দুর্ভোগে আলোর গেরিলা” টিম গঠন করা হয়। এ কার্যক্রমের মাধ্যমে দুর্ভোগপূর্ণ আবহাওয়ায় ও ঘূর্ণিঝড় পরবর্তী গ্রাহক সংক্রান্ত সকল অভিযোগ নিরসন করার মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ কার্যক্রম সচল করা হয়; এ কার্যক্রমটি প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় ব্যাপকভাবে প্রসংসিত হয়।
- (গ) ঘূর্ণিঝড়ের সময় জরুরি ও অত্যাৱশ্যকীয় সার্ভিস বিবেচনায় সমিতির সকল কর্মকর্তা/কর্মচারীর ছুটি বাতিল করা হয় এবং সমিতির সকল কর্মকর্তা/কর্মচারী সমন্বয়ে ফিডার ভিত্তিক টিম গঠন করে পরিস্থিতি মোকাবেলা করা হয়।
- (ঘ) দুর্ভোগকালীন ও দুর্ভোগ পরবর্তী সময়ে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে অপেক্ষাকৃত কম আক্রান্ত সমিতি হতে উপকূলীয় বা অধিক দুর্ভোগপ্রবণ এলাকায় প্রতিটি সমিতিতে ১০ (দশ) জন করে লাইনট্রু প্রেরণ করা হয়।
- (ঙ) দুর্ভোগের সময় মাইকিং, মোবাইলে এসএমএস ও স্থানীয় ডিস চ্যানেলে প্রচার প্রচারণার মাধ্যমে জনগণকে দুর্ভোগের পূর্বাভাস সম্পর্কে সচেতন করা হয় এবং সাইক্লোন সেন্টারসহ নিরাপদ আশ্রয় কেন্দ্র গুলোতে আশ্রয়ের জন্যও আহবান করা হয়।
- (চ) ২৪ ঘন্টা ঝড়ের গতিবিধি পর্যবেক্ষণের লক্ষ্যে বাপবিবো ও সমিতিতে কন্টোল রুম খোলা হয়।
- (ছ) বাপবিবো এর কেন্দ্রীয় পণ্যাগার ও সমিতির সকল স্টোর প্রয়োজনীয় জনবলসহ সার্বক্ষণিকভাবে খোলা রাখা হয়।
- (জ) ঘূর্ণিঝড়ের পূর্বাভাস পাওয়ার সাথে সাথে সদর দপ্তরসহ সকল অফিসে অগ্রিম প্রয়োজনীয় রক্ষনাবেক্ষণ মালামাল (বিভিন্ন সাইজের পোল, ট্রান্সফর্মার, মিটার, তার, ক্রসআর্ম, ফিউজ লিংক, ফিডার, কাট আউট, হার্ডওয়্যার ইত্যাদি) অগ্রিম মজুদ করে রাখা হয়।
- (ঝ) সকল অফিস ভিত্তিক ঘূর্ণিঝড়ে ভেঙ্গে পড়া গাছপালা অপসারণের জন্য প্রয়োজনীয় দা, কুড়াল, ইলেকট্রিক অটো ক্রাত, হ্যান্ড লাইন ও রশি সংগ্রহ করা হয়।
- (ঞ) কারিগরী লোকের পাশাপাশি মিটার রিডার/পিসিএম/ম্যাসেঞ্জারসহ কারিগরী/অকারিগরী বিভাগের সকল লোকবলকে দুর্ভোগ পরবর্তী কাজের জন্য প্রস্তুত করে রাখা হয়।
- (ট) সমিতির সমস্ত জনবলকে সার্বক্ষণিকভাবে সতর্ক রাখা হয় এবং তাদের করণীয় সম্পর্কে সময়ে সময়ে ব্রিফিং প্রদান করা হয়।
- (ঠ) দুর্ভোগকালীন সময়ে কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী এবং অন্যান্য লোকবলের জন্য প্রয়োজনীয় শুকনো খাবার, পানি ও নগদ অর্থ প্রস্তুত রাখা হয়।
- (ড) দুর্ভোগ পরবর্তী সময়ে ফিডার ভিত্তিক গঠিত মনিটরিং কমিটি, ইলেকট্রিশিয়ান ও স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গের মাধ্যমে ক্ষয়ক্ষতির প্রকৃত পরিমাণ নিরূপণ করা হয়।
- (ঢ) বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা পূর্ববহালের জন্য ক্ষয়ক্ষতির ধরন ও পরিমাণ অনুযায়ী পরিকল্পনামাফিক লাইনট্রু, ঠিকাদারের লোকজন ও প্রয়োজনীয় মালামাল সরবরাহের ব্যবস্থা গ্রহণ করা হয়।
- (ণ) প্রতিটি পবিসের বিদ্যুৎ সরবরাহ পূর্ববহাল কাজের অগ্রগতি উদ্ধর্তন কর্তৃপক্ষসহ কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষের মাধ্যমে মনিটর করা হয়।
- (ন) দুর্ভোগকালীন প্রয়োজনীয় মুহুর্তে গ্রাহকগণকে কাজিত সেবা প্রদানের লক্ষ্যে প্রতিটি সমিতি কর্তৃক এসএমএস, স্থানীয় ডিস চ্যানেলের মাধ্যমে সমিতির হট নাম্বার অভিযোগ কেন্দ্রের হট নাম্বার গ্রাহকদের জানানো হয়।
- (ত) দুর্ভোগ পূর্ববর্তী সময়ে দুর্ভোগকালীন ও দুর্ভোগ পরবর্তী সময়ে ভারুয়াল বৈঠকের মাধ্যমে সমিতির কার্যক্রম নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হয়।



(থ) দুর্যোগ পরবর্তী সময়ে বাপবিবোর্ড কর্তৃক সমিতির কর্মকর্তা/কর্মচারীর কর্মক্ষমতা মূল্যায়ন করা হয় এবং সে অনুযায়ী তাদের পুরস্কৃত করা হয়।

### এসডিজি-২০৩০, রূপকল্প-২০৪১ ও পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান, ডেল্টা প্ল্যান-২১০০ বাস্তবায়নে বাপবিবোর্ড গৃহীত পদক্ষেপসমূহ

এসডিজি-২০৩০, রূপকল্প-২০৪১ ও পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান, ডেল্টা প্ল্যান-২১০০ বাস্তবায়নের লক্ষ্যে বাপবিবোর্ড বিভিন্ন কর্মসূচী গ্রহণ করে চলেছে। ২০৩০ সালের মধ্যে (এসডিজি) সাশ্রয়ী, নির্ভরযোগ্য, আধুনিক এবং টেকসই বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে ইতোমধ্যেই বেশ কিছু আপগ্রেডেশন প্রকল্পের কাজ শেষ হয়েছে এবং অবশিষ্ট আপগ্রেডেশন প্রকল্পের কাজ চলমান রয়েছে। তাছাড়া, পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের নিজস্ব অর্থায়নেও বিভিন্ন কার্যক্রম চলমান রয়েছে। ২০৪১ সালের মধ্যে উন্নত বাংলাদেশ গড়ার স্বপ্ন বাস্তবায়নের উদ্দেশ্যে নিরবচ্ছিন্ন ও টেকসই বিদ্যুৎ ব্যবস্থা সম্প্রসারণের লক্ষ্যে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড প্রয়োজনীয় অবকাঠামো তৈরী ও আধুনিক প্রযুক্তি ব্যবহারের জন্য পরিকল্পনা গ্রহণ করেছে।

#### পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান

বিদ্যুৎ শক্তির উন্নয়নের জন্য জ্বালানি শক্তির প্রত্যাশিত উৎস সঠিকভাবে নির্ণয় করতে সক্ষম না হওয়ায় পিএসএমপি-২০১০ যথাযথভাবে প্রণয়ন/বাস্তবায়ন করা সম্ভব হয়নি। বাংলাদেশে বিদ্যুতের চাহিদা দ্রুত গতিতে বৃদ্ধি পেতে থাকে এবং ২০১৭ সালে এ চাহিদা ৯০০০-৯৫০০ মেগাওয়াটে উন্নীত হয়। ২০১৬ সালে বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদার সাথে সামঞ্জস্য রেখে পিএসএমপি প্রণয়ন করা হয়। ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত আয়ের দেশে (ভিশন-২০৪১) রূপান্তরের আকাঙ্ক্ষা উক্ত পিএসএমপিতে প্রতিফলিত হয়েছে। এছাড়া, উক্ত পিএসএমপি-তে Demand Side Management (DSM) এবং বিদ্যুতের কার্যকর ব্যবহারের উপর অধিক গুরুত্বারোপ করা হয়েছে। ফলে, গ্রাহকগণ বিদ্যুৎ ব্যবহারের সময় এবং পরিমাণ সমন্বয়ের মাধ্যমে সাশ্রয়ী মূল্যে বিদ্যুৎ ব্যবহারের সুযোগ পাচ্ছেন। বিদ্যুৎ সরবরাহকারীগণও পিক এবং অফপিক সময়ে বিদ্যুৎ সরবরাহের মাধ্যমে লাভবান হচ্ছেন। উক্ত পিএসএমপি-তে ডিস্ট্রিবিউশন ম্যানেজম্যান্ট সিস্টেম (DMS), জিওগ্রাফিক্যাল ইনফরমেশন সিস্টেম (GIS), সুপারভাইজারি কন্ট্রোল এন্ড ডাটা অ্যাকুইজিশন (SCADA), স্মার্ট গ্রিড-পেইন্ট মিটার এবং স্মার্ট গ্রিড এর মাধ্যমে বিতরণ ব্যবস্থার অটোমেশন এর উপর বিশেষ গুরুত্বারোপ করা হয়েছে।

#### গ্রাহক সন্তোষ বৃদ্ধিতে বাপবিবোর্ড গৃহীত পদক্ষেপসমূহ

ক) প্রতিটি ইউনিয়নে জিএম পর্যায়ের কর্মকর্তাগণ উপস্থিত থেকে গ্রাহক সমাবেশ করেন এবং তাৎক্ষণিক সমস্যার সমাধান করে থাকেন।

খ) সেবা প্রদান প্রতিশ্রুতির বিষয়ে সেবা গ্রহীতাদের/অংশীজনদের অবহিত করণের জন্য প্রতিটি সমিতি প্রতি মাসে কমপক্ষে ০৩টি সভার আয়োজন করে থাকেন এবং তন্মধ্যে ১টি সভায় সংশ্লিষ্ট মনিটরিং পরিদপ্তরের ০১ জন পরিচালক সভায় সভাপতিত্ব করেন।


গ) বাপবিবোর্ড ও সমিতিতে এতদবিষয়ক Focal Point নির্বাচন এবং Focal Point হিসেবে মনোনীত কর্মকর্তাগণের নাম Website এ প্রকাশ ইত্যাদি কার্যক্রম গ্রহণ করা হয়ে থাকে।

ঘ) খাদ্য শস্য এবং অর্থকরী ফসল উৎপাদন বৃদ্ধির মাধ্যমে খাদ্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জন এবং অর্থনৈতিক উন্নয়নের স্বার্থে সেচ সুবিধার আওতা প্রসারের লক্ষ্যে নীতিমালা প্রণয়ন এবং কার্যকর সেচ সুবিধা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়।

ঙ) গ্রাহকগণের জন্য বিদ্যুৎ সেবা সহজীকরণের লক্ষ্যে প্রতিটি সমিতিতে One Point Service Centre চালু রয়েছে। এ সকল One Point Service Centre এ গ্রাহকগণ হয়রানিমুক্ত বিদ্যুৎ সেবা গ্রহণ করে থাকেন।

চ) ভূমিহীন ও গৃহহীনদের পুনর্বাসন প্রকল্পের আওতায় নির্মিত ঘরে সমিতি নিজস্ব অর্থায়নে হাউজ ওয়্যারিং সম্পন্ন করে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হচ্ছে।

ছ) শতভাগ বিদ্যুতায়নের জন্য অফগ্রিডভুক্ত এলাকায় বসবাসকারী অতিদরিদ্র জনগোষ্ঠীকে সামাজিক দায়বদ্ধতা (Corporate Social Responsibility) দৃষ্টিকোণ থেকে সমিতির নিজস্ব অর্থায়নে হাউজ ওয়্যারিং করে সংযোগ প্রদান করা হয়েছে।





জ) গ্রাহক সংযোগ সহজীকরণ, দুর্নীতি ও হয়রানিমুক্ত গ্রাহক সেবা প্রদানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ‘শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ’ মূলমন্ত্রকে সামনে রেখে ২৪/১২/২০১৮ খ্রিঃ তারিখে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ ‘আলোর ফেরিওয়ালা’ কার্যক্রম শুরু হয়। প্রতিটি সমিতিতে প্রতিদিন ন্যূনতম ০১ (এক)টি করে ‘আলোর ফেরিওয়ালা’ টীম প্রস্তুত রাখা এবং উক্ত টীম সদর দপ্তর, জোনাল অফিস এবং সাব জোনাল অফিসসমূহের আওতাধীন বিদ্যুৎ সংযোগবিহীন গ্রাহকগণকে সংযোগ সেবা প্রদান করে থাকে।

ঝ) সেবা সহজীকরণ এবং পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে গত ১৫/০৯/২০১৯ খ্রিঃ তারিখ হতে উদ্ভাবনী উদ্যোগ পল্লী বিদ্যুতের ‘উঠান বৈঠক’ কার্যক্রম শুরু হয়েছে এবং ‘উঠান বৈঠক’ কার্যক্রম বর্তমানে অব্যাহত রয়েছে।

### মাননীয় প্রধানমন্ত্রীর আশ্রয়ণ প্রকল্পে পবিসসমূহ কর্তৃক গৃহীত পদক্ষেপ ও করণীয়

মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকারপ্রাপ্ত “আশ্রয়ণ” প্রকল্পের আওতায় ভূমিহীন, অসহায় জনগণকে পুনর্বাসিত করার জন্য ১,১৯২টি প্রকল্প-গ্রামে ৮৫,৫৭০টি পরিবারকে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। গ্রামাঞ্চলের প্রতিটি বাড়িকে কৃষিভিত্তিক উৎপাদনের কেন্দ্রবিন্দু হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ভূমিহীন এবং অতিদরিদ্র জনসাধারণের জন্য সরকার “একটি বাড়ি একটি খামার” কার্যক্রম বাস্তবায়ন করে চলেছে। সরকারি খরচে নির্মিত উক্ত বাড়িসমূহে বাপবিবো’র আওতাধীন পবিসসমূহ অগ্রাধিকার ভিত্তিতে বৈদ্যুতিক সংযোগ প্রদানের মাধ্যমে এ সকল দরিদ্র জনগণের জীবনযাত্রা আধুনিকায়ন এবং অর্থনৈতিক কর্মকাণ্ডে সম্পৃক্ত হওয়ার সুযোগ সৃষ্টি হয়েছে।

আশ্রয়ণ প্রকল্পের বাড়িগুলোতে যথাযথভাবে বিদ্যুৎ সংযোগ প্রদান করে পরিবারসমূহকে অর্থনৈতিকভাবে সাবলম্বি করতে ও স্বাচ্ছন্দ্যময় জীবন যাপনের সুযোগ করে দিতে পবিসসমূহকে তাদের করণীয় সম্পর্কে যথাযথ নির্দেশনা প্রদান করা হয়েছে।

### গ্রামীণ নারীর ক্ষমতায়নে বিদ্যুৎ

বাংলাদেশের অধিক দুর্যোগ প্রবণ ও নিম্ন আয়ের ০৫টি জেলা অর্থাৎ গোপালগঞ্জ, কিশোরগঞ্জ, ভোলা, ঠাকুরগাঁও ও সুনামগঞ্জ জেলার মানুষের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন, নারী উদ্যোক্তা তৈরিকরণ, নারীর ক্ষমতায়ন, কারিগরি দক্ষতা বৃদ্ধিকরণ, কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং বিদ্যুতের দক্ষ, নিরাপদ ও উৎপাদনশীল ব্যবহারে উৎসাহিত করার লক্ষ্যে “গ্রামীণ জীবনমান উন্নয়নে বিদ্যুৎ শক্তি” শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়। প্রকল্পটির মেয়াদকাল ১ জুলাই ২০১৮ হতে ৩০ জুন-২০২১ (৩ বছর) এবং প্রাক্কলিত ব্যয় ১৮১২.৯৫ লক্ষ টাকা যেখানে, এডিবি’র মাধ্যমে জেএফপিআর হতে প্রাপ্ত অনুদান: ১৬৯৬.২০ লক্ষ টাকা, জিওবি ৬১.৩৫ লক্ষ টাকা এবং বাপবিবো’র নিজস্ব ৫৫.৪০ লক্ষ টাকা। প্রকল্পটির আওতায় ২৭০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে যেখানে ২১০০ জন ০৫টি জেলার পিছিয়ে পড়া প্রান্তিক এবং ৬০০ জন বাপবিবো/পবিসের কর্মকর্তা/কর্মচারী। ২১০০ প্রান্তিক গ্রাহককে ১০টি ট্রেডে সর্বোচ্চ ২৮ দিন ব্যাপি ব্যবহারিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ ট্রেডসমূহের মধ্যে টেইলারিং, ৪০৮ জন, মোবাইল সার্ভিসিং ১৮৫ জন, ইলেকট্রিক হাউজ ওয়্যারিং ৭০ জন, এসি ও ফ্রিজ মেরামত ১০২ জন, বেসিক কম্পিউটার ৯০ জন, ইনটিগ্রেটেড কৃষি ১৭০ জন, মৎস চাষ ৫৫ জন, নিরাপদ বিদ্যুৎ ব্যবহার ৫০০ জন এবং এলাকা ভিত্তিক ক্ষুদ্র ক্ষুদ্র ব্যবসা শুরু ও পরিচালনা সংক্রান্ত ৫০০ জন প্রান্তিক গ্রাহককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণার্থীদের মধ্যে ৪৩% নারী অংশগ্রহণ করেছেন।






## করোনা (কোভিড-১৯) সংক্রমণ মোকাবেলায় বাপবিবো

চীন থেকে প্রথম উৎপত্তি হওয়ার পর বাংলাদেশে কোভিড-১৯ রোগে আক্রান্ত ব্যক্তির কথা প্রথম জানা যায় ৮ই মার্চ, ২০২০ সালে এবং প্রথম মৃত্যুটি ঘটে ১৮ই মার্চ, ২০২০ সালে। এ প্রেক্ষিতে বাংলাদেশ সরকার প্রথম দিকে সাধারণ ছুটি ঘোষণা করেছিল। সম্প্রতি বৈশ্বিক মহামারি হিসেবে আবির্ভূত করোনা ভাইরাস সংক্রমণ পরিস্থিতিতে স্বাস্থ্য সেবাসহ সকল সেবা কার্যক্রম নির্বিন্দে চালু রাখা, পবিত্র মাহে রমজান ও মৌসুমে ঝড়-বৃষ্টি বা ঘূর্ণিঝড়, কালবৈশাখীসহ যে কোন প্রতিকূল পরিবেশে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ অব্যাহত রাখাসহ সকল ধরনের বিদ্যুৎ বিভ্রাট সংক্রান্ত অভিযোগ নিরসনের জন্য “সকল ত্যাগে পল্লী বিদ্যুৎ রাখিব সচল” ধারণা করে মূলমন্ত্র ও দেশ প্রেমে উদ্বুদ্ধ হয়ে উদ্ভাবনী উদ্যোগ হিসেবে গত ১৩/০৪/২০২০খ্রি. তারিখে বাপবিবোর্ড কর্তৃক “দুর্যোগে আলোর গেরিলা” কার্যক্রমটি আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে। এ কার্যক্রমের মাধ্যমে বাপবিবোর্ড এর আওতাধীন সকল গ্রাহককে দুর্যোগকালীন পরিস্থিতিতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার পাশাপাশি তাদের বিদ্যুৎ সংক্রান্ত সকল অভিযোগ নিরসনের মাধ্যমে জীবনযাত্রা স্বস্তিদায়ক করার লক্ষ্যে এ উদ্যোগ গ্রহণ করা হয়; যা সারাদেশে সর্বমহলে ব্যাপকভাবে প্রশংসিত হয়।

বৈশ্বিক মহামারী হিসেবে আবির্ভূত কোভিড-১৯ পরিস্থিতিতে পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম সচল রাখতে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড “দুর্যোগে আলোর গেরিলা” হয়ে কাজ করে যাচ্ছে। এক্ষেত্রে সরকারি নির্দেশনার পাশাপাশি বাপবিবোর্ড কর্তৃক স্বাস্থ্য সুরক্ষা নীতিমালা প্রণয়নের মাধ্যমে বাপবিবো ও সমিতিতে নিয়োজিত সকল কর্মকর্তা/কর্মচারীদের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিতকরণে যথাযথ উদ্যোগ গ্রহণ করা হয়েছে; এর মধ্যে রয়েছে “নো মাস্ক, নো সার্ভিস” পদ্ধতিতে অফিসে উপস্থিতি এবং সেবাদান কার্যক্রম পরিচালনা, আরইবি কর্তৃক কর্মকর্তা/কর্মচারীদের উন্নত ও আরামদায়ক মাস্ক সরবরাহ, সকল দপ্তর/পরিদপ্তরে পর্যাপ্ত হ্যান্ড স্যানিটাইজার সংরক্ষণ ও ব্যবহার, আরইবি এবং পবিসের সদর দপ্তর ভবনসমূহের প্রবেশমুখে জীবানুনাশক টানেল স্থাপন এবং থার্মাল স্ক্যানারের মাধ্যমে তাপমাত্রা পরিমাপের ব্যবস্থা ইত্যাদি। এর পাশাপাশি ০৫টি স্বাস্থ্য প্যাকেজ ও স্বাস্থ্য প্রণোদনা প্যাকেজ ঘোষণা করা হয়েছে। ফলশ্রুতিতে, গ্রাহকসেবা, লাইন রক্ষণাবেক্ষণ ও অন্যান্য কার্যাবলী অব্যাহত রাখা সত্ত্বেও কোভিড-১৯ আক্রান্তের হার নিম্নপর্যায়ে রয়েছে। প্রণোদনা প্যাকেজসমূহ নিম্নরূপ:

১. পদোন্নতি প্যাকেজ: করোনা ভাইরাসের কারণে সৃষ্ট দুর্যোগের মধ্যেও কর্মকর্তা/কর্মচারীদের কর্মসূচী বজায় রাখার স্বার্থে বিধি মোতাবেক সমিতির কর্মচারীগণের প্রাপ্য পদোন্নতি প্রদান করা হয়।
২. ছুটি প্যাকেজ: করোনা সংক্রমণ পরিস্থিতিতে দুর্যোগ মোকাবেলায় সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণকে সরকার ঘোষিত লকডাউনের কারণে ছুটি প্রদান না করে সৃষ্ট দুর্যোগ শেষে অবস্থা স্বাভাবিক হওয়ার পর পর্যায়ক্রমে সর্বোচ্চ ০৭ দিন ছুটি প্রদান করা হবে মর্মে ঘোষণা করা হয়।
৩. পুরস্কার প্যাকেজ: করোনা ভাইরাসের কারণে সৃষ্ট দুর্যোগ মোকাবেলা ও এ সময়ে গ্রাহক সেবা নিশ্চিত করার জন্য সাহসিকতা ও কঠোর পরিশ্রমের মাধ্যমে যারা প্রশংসনীয়ভাবে দায়িত্ব পালন করেন তাদের মধ্যে থেকে প্রতিটি সমিতি হতে ০১ জন কর্মকর্তা ও ০১ জন কর্মচারী নির্বাচনের মাধ্যমে তাদেরকে ০১ মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ পুরস্কার প্রদান করা হয়।
৪. স্বাস্থ্য প্যাকেজ: সমিতির কর্মকর্তা/কর্মচারীদের স্বাস্থ্য সুরক্ষার বিষয়টি বিবেচনা করে সরকার ঘোষিত স্বাস্থ্য বিধির পাশাপাশি বাপবিবোর্ড কর্তৃক প্যাকেজ ঘোষণা করা হয়।
৫. ভাতা প্যাকেজ (শুধুমাত্র রমজান মাস): করোনা ভাইরাস (কোভিড-১৯) এর দুর্যোগকালে পবিত্র রমজান মাসে সমিতির কর্মকর্তা/কর্মচারীগণকে সন্তোষজনকভাবে দায়িত্ব পালনের জন্য ভাতা প্রদান করা হয়।
৬. কোভিড-১৯ সংক্রমিত হয়ে মৃত্যুবরণকারীর উত্তরাধিকারী/নমিনি-কে চাকরি ও আর্থিক সহায়তা প্রদান: চলমান বৈশ্বিক মহামারী কোভিড-১৯ পরিস্থিতিতে দুর্যোগকালীন সময়ে দাপ্তরিক দায়িত্ব পালনকালে কোভিড-১৯ সংক্রমিত হয়ে মৃত্যুবরণকারীর উত্তরাধিকারী/নমিনি এর ন্যূনতম যোগ্যতার ভিত্তিতে পবিস-এ নিয়মিত/অনিয়মিত বিভিন্ন পদে চাকুরী দেয়া হয়েছে। মৃতের উত্তরাধিকারী/নমিনিকে চাকুরী প্রাপ্তির ধরণ (নিয়মিত/অনিয়মিত) বিবেচনায় আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। এছাড়া যাদেরকে চাকুরী দেয়া সম্ভব হয়নি অথবা যারা চাকুরী করতে আগ্রহী নয় এমন উত্তরাধিকারী/নমিনি-কে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

করোনা ভাইরাস সংক্রমণের প্রেক্ষাপটে কর্মকর্তা/কর্মচারীদের শারীরিক সুরক্ষা নিশ্চিতকরণঃ বিশাল জনগোষ্ঠীর বিদ্যুৎ সেবা অব্যাহত রাখতে ও মুজিববর্ষে শতভাগ বিদ্যুতায়নের লক্ষ্য অর্জন করে নির্ধারিত সময়ের মধ্যে সকল অঞ্চলে (অফগ্রীড অঞ্চলসহ) শতভাগ বিদ্যুতায়ন নিশ্চিত করা ছিল বাপবিবোর্ডের বড় চ্যালেঞ্জ। বাপবিবোর্ড এ চ্যালেঞ্জ মোকাবেলা করে বৈশ্বিক এ মহামারীর মধ্যেও সমিতির “দুর্যোগে আলোর গেরিলা” টিম জীবনের ঝুঁকি নিয়ে স্বাস্থ্য সুরক্ষা ও সামাজিক দূরত্ব মেনে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ সচল রেখেছে। এছাড়া, বিতরণ লাইন নির্মাণ, লাইন রক্ষণাবেক্ষণ ও গ্রাহকসেবা অব্যাহত রাখাসহ



গ্রাহকের যে কোন অভিযোগ সমাধানে সমিতির কর্মকর্তা/কর্মচারী গ্রাহক প্রান্তে ছুটে গেছে। আরইবি এবং আরইবি'র আওতাধীন ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতির নিরন্তর কাজের ফলে করোনার এ দুর্যোগের মধ্যেও শতভাগ বিদ্যুতায়নের সেই কাক্ষিত সাফল্য অর্জিত হয়েছে। ইতোমধ্যেই অফহীডভুক্ত রাঙ্গাবালী উপজেলাসহ মোট ৪৬২টি উপজেলার সমগ্র এলাকা শতভাগ বিদ্যুতায়িত হয়েছে।

**RE কার্যক্রমে কোভিড-১৯ এ আক্রান্ত কর্মকর্তা/কর্মচারীদের সার্বিক তথ্য: (৩০-০৬-২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত হালনাগাদকৃত)**

প্রতিষ্ঠানের নাম	প্রতিবেদনের তারিখ	কোভিড-১৯ সনাক্ত হয়েছেন (জন)	কোভিড-১৯ সনাক্ত হওয়ার পর নেগেটিভ হয়েছেন/আরোগ্য লাভ করেছেন (জন)	বর্তমান হাসপাতালে আছেন (জন)	বর্তমান কোয়ারেন্টাইন বা আইসোলেশনে আছেন (জন)	মৃত্যুবরণ করেছেন (জন)
১	২	৩	৪	৫	৬	৭
বাপবিবোর্ড (আরইবি)	মার্চ ২০২০ খ্রি. হতে ৩০-০৬-২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত	২৮০ জন	২৭৮ জন	০ জন	০ জন	০২ জন
পল্লী বিদ্যুৎ সমিতি (পিবিএস)		২৭৮৪ জন	২৭৫৯ জন	০ জন	০ জন	২৫ জন
সর্বমোট		৩০৬৪ জন	৩০৩৭ জন	০ জন	০ জন	২৭ জন

করোনা সংক্রমণ পরিস্থিতিতে বাপবিবোর্ড কর্তৃক আরো যে সকল গ্রাহক সেবা কার্যক্রম গৃহীত হয়েছে তাহা নিম্নরূপ:

- (ক) Pre-payment/Smart Meter স্থাপন দ্রুততর করা;
- (খ) বিদ্যুৎ বিল সংক্রান্ত গ্রাহকের সকল অভিযোগ নিরসন করা;
- (গ) সকল ব্যাংক, টেলিটক, বিকাশের মাধ্যমে বিল আদায় কার্যক্রম জোরদার করা;
- (ঘ) গ্রাহকের কল্যাণে ও অফিসে ভীড় এড়ানোর স্বার্থে স্বাস্থ্যবিধি মেনে স্পটে বিল আদায়ের ব্যবস্থা করা;
- (ঙ) নতুন সংযোগের আবেদন অনলাইন ভিত্তিক করা;
- (চ) অনলাইনে গণশুনানী চালু রাখা ও এর মাধ্যমে গ্রাহক অভিযোগ নিরসনের ব্যবস্থা করা;
- (ছ) অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবা গ্রহীতা/অংশীজনদের সঙ্গে এবং সেবা প্রদান প্রতিশ্রুতির (Citizen Charter) বিষয়ে সেবা গ্রহীতাদের সঙ্গে অনলাইনে সভা অয়োজনের মাধ্যমে গ্রাহক অভিযোগ নিরসনের ব্যবস্থা করা।



## এডিপি বাস্তবায়ন

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক বিগত ০৭ (সাত) বছরে এডিপি বাস্তবায়নের হার ছিল প্রায় ১০০%। সমাপ্ত অর্থবছরসহ বিগত ০৬ (ছয়) অর্থবছরের এডিপি বরাদ্দ এবং বাস্তবায়নের অগ্রগতির চিত্র নিম্নরূপ

অর্থ বছর	এডিপি বরাদ্দ (লক্ষ টাকা)	বাস্তবায়ন
২০২২-২০২৩	৭০৩৯৭.০০	৯৬.৬৩%
২০২১-২০২২	২৩০৯.৮২	৯৯.৯৭%
২০২০-২০২১	৪১৯৬.৮৭	৯৭.৫৭%
২০১৯-২০২০	৬৮৩৪.৯০	৯৮.০১%
২০১৮-২০১৯	৯৩৮২.২৭	১০০%
২০১৭-২০১৮	৮৩৩০.৯৪	১০০%
২০১৬-২০১৭	৫৫৫৫.৭৮	১০০%

১। (ক) ২০২২-২০২৩ অর্থবছরের ADP ব্যয় (লক্ষ্যমাত্রা ও অর্জন) নিম্নোক্ত ছকে প্রদান করা হল


বিবরণ	লক্ষ্যমাত্রা (লক্ষ টাকা)	অর্জন (লক্ষ টাকা)
২০২২-২০২৩ অর্থবছরের ADP ব্যয়	৭০৩৯৭.০০	৬৮০২২.৭৬

(খ) ২০২২-২০২৩ অর্থবছরের সমাপ্ত প্রকল্পসমূহের তালিকা

ক্র নং	প্রকল্পের শিরোনাম	মেয়াদ কাল
১	শতভাগ পল্লী বিদ্যুতায়নের জন্য বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারণ (রাজশাহী, রংপুর, খুলনা ও বরিশাল বিভাগ)।	০১-০১-২০১৭ হইতে ৩১-১২-২০২২
২	শতভাগ পল্লী বিদ্যুতায়নের জন্য বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারণ (ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগ)।	০১-০১-২০১৭ হইতে ৩১-১২-২০২২

(গ) ২০২২-২০২৩ অর্থবছরে চলমান প্রকল্পসমূহের তালিকা

ক্র নং	প্রকল্পের শিরোনাম	মেয়াদ কাল
১	সৌর বিদ্যুৎ চালিত পাম্পের মাধ্যমে কৃষি সেচ প্রকল্প	০১/০৭/২০১৮ হইতে ৩১/১২/২০২৪
২	বাপবিবোর বৈদ্যুতিক বিতরণ ব্যবস্থার আধুনিকায়ন ও ক্ষমতাবর্ধন (খুলনা বিভাগ)	০১/০৭/২০২১ হইতে ৩০/০৬/২০২৫
